গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬
ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

ভূমি সেবা হচ্ছে ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০. ৮২

তারিখঃ ২৯ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
১২ মে ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : **ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় এর জন্য ডাটা এন্ট্রির কার্যক্রম সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র : ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ০৬ মে ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫৬.৬৮.২৩.২০.৯৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবা গ্রহীতাদেরকে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজসেবা প্রদানের জন্য ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ডিজিটাল পদ্ধতিতে ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার (Land Development Tax Management System) তৈরি করা হয়েছে। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় সারাদেশে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে শতভাগ ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে।

২। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে ডাটা এন্ট্রির ক্ষেত্রে নাগরিক কর্নার থেকে [নাগরিক নিবন্ধন] এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর প্রদানের ব্যবস্থাসহ সিস্টেম অপরিবর্তিত রেখে নতুন কিছু আপগ্রেডেশন আনা হয়েছে, যা খুব শীঘ্র লাইভ সার্ভারে সংযুক্ত করা হবে (সফটওয়্যার আপগ্রেডেশন নির্দেশিকা সংযুক্ত)। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে এ পর্যন্ত এন্ট্রিকৃত সকল ডাটা বহাল থাকবে এবং সূত্রোস্থ পত্রে প্রদর্শিত বিন্যাস অনুযায়ী এ সকল এন্ট্রিকৃত ডাটার জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হবে। এ পর্যন্ত এন্ট্রিকৃত ডাটার মধ্যে যে সকল গড়মিল/ভুল-ত্রুটি পরিলক্ষিত হয়েছে তা সংশোধনের জন্য পরবর্তী নির্দেশনা প্রদান করা হবে।

৩। সিস্টেম আপগ্রেডেশনের ফলে নাগরিকগণের নিবন্ধনের সময় তাঁর এন্ট্রিকৃত ডাটা জাতীয় পরিচয় পত্রের তথ্যের সাথে স্বয়ংক্রিয়ভাবে যাচাই হবে। কোনো নাগরিকের নিবন্ধনের পরে, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সেই নাগরিকের ডাটা এন্ট্রির মাধ্যমে তাঁর হোল্ডিং খুলতে পারবেন। **পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত শুধুমাত্র [নাগরিক নিবন্ধন] এর মাধ্যমে হোল্ডিং এর ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান থাকবে** (ইউএলও ব্যবহার নির্দেশিকা, নাগরিক ব্যবহার নির্দেশিকা, উদ্যোক্তা ব্যবহার নির্দেশিকা ও হটলাইন ব্যবহার নির্দেশিকা সংযুক্ত)। এ বিষয়ে অনতিবিলম্বে সংশ্লিষ্ট সকলের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। সকল সংশ্লিষ্ট নাগরিক স্ব:প্রণোদিত হয়ে যাতে নিজের অনলাইন হোল্ডিং তৈরির জন্য [নাগরিক নিবন্ধন] সম্পন্ন করে, এ ব্যাপারে স্থানীয়ভাবে ব্যাপক প্রচার/প্রচারণা চালানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে জাতীয়ভাবে প্রচার/প্রচারণা চালানোর জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।



১২/৫/২০২১

অতএব, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবা গ্রহীতাদেরকে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজ সেবা প্রদানের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়ের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১. সফটওয়্যার আপগ্রেডেশন নির্দেশিকা ০৯ (নয়) ফর্দ

২. ইউএলও ব্যবহার নির্দেশিকা ২৬ (ছাব্বিশ) ফর্দ

৩. নাগরিক ব্যবহার নির্দেশিকা ১৬ (ষোল) ফর্দ

৪. উদ্যোক্তা ব্যবহার নির্দেশিকা ১৭ (সতের) ফর্দ

৫. হটলাইন ব্যবহার নির্দেশিকা ১১ (এগার) ফর্দ

২৭/০৫/২০২২
(মোঃ মোস্তফা কামাল)
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন - ০২৮১৭০১৪৩
ই-মেইল: chairman@lrb.gov.bd

জেলা প্রশাসক
..................(সকল) (৩টি পার্বত্য জেলা ব্যতীত)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) বিভাগীয় কমিশনার,..................(সকল)
(৩) অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৪) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৫) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৬) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/রাজশাহী বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণার্থে তদারকি করার অনুরোধসহ)
(৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
(৮) উপজেলা নির্বাহী অফিসার,..................(৩টি পার্বত্য জেলার সংশ্লিষ্ট উপজেলা ব্যতিত সকল)
(৯) সহকারী কমিশনার (ভূমি),..................(৩টি পার্বত্য জেলার সংশ্লিষ্ট উপজেলা ব্যতিত সকল)
(১০) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ )
(১১) অফিস কপি